দৈনিক বাংলা

তারিখ 29 OCT 1991
পৃষ্ঠা ৪ কলাম ৪

# শিক্ষা প্রতিমন্ত্রী সকাশে চট্টগ্রাম ভার্সিটি শিক্ষক সমিতি নেতৃবৃন্দ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ সোমবার শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খানের সাথে তাঁর দফতরে এক বৈঠকে মিলিত হন।

সমিতির নেতৃবৃন্দ ১৯৯০ সালের ২২শে ডিসেম্বরের ঘটনায় বিচার বিভাগীয় তদন্ত কমিশন রিপোর্ট বাস্তবায়নের দাবী জানান। তারা বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি সম্পর্কে প্রতিমন্ত্রীকে অবহিত করেন এবং ভিসি'র অপসারণ দাবী করেন।

আলোচনাকালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডঃ আবুল কালাম আজাদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী শিক্ষক পরিষদের আহ্বায়ক ডঃ মাহফুজুল হক, সমিতির সদস্য ডঃ জহিরুল হক, কোষাধ্যক্ষ জনাব হারুন-অর-রশিদ, বিশ্ববিদ্যালয় জিয়া পরিষদের যুগ্ম-সম্পাদক ডঃ মোজাফফর আহমদ চৌধুরী ও ডঃ আঃ মালেক চৌধুরী উপস্থিত ছিলেন।

শিক্ষা প্রতিমন্ত্রী তাঁদের দাবী ধৈর্য-সহকারে শোনেন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন। খবর তথ্য বিবরণীর।